

‘রবীন্দ্র-নজরুল দিবস’

সম্প্রতি রবীন্দ্র-
নজরুল দিবস
পালিত হল
দুর্গাপুর মহিলা
কলেজে।
এই উপলক্ষে
সাংস্কৃতিক
অনুষ্ঠান
পরিবেশন



করেন কলেজের শিক্ষক ও ছাত্রীরা।
রবীন্দ্রসঙ্গীত ও নজরুলগীতির পাশাপাশি
রবীন্দ্রনাথের জীবনীকেন্দ্রিক গীতিআলেখ্য
পরিবেশিত হয়। সেখানে উঠে আসে কাদম্বরী
দেবী, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, মৃণালিনী দেবী,
বিহারীলাল চক্রবর্তী, জ্ঞানদানন্দিনী দেবীর মতো
চরিত্র ও রবীন্দ্র-মানসে তাঁদের প্রভাবের কথা।
নৃত্যনাট্য আকারে পরিবেশিত হয় ‘ভানুসিংহের
পদাবলী’। মঞ্চস্থ হয় ‘পিঠে খেলে পেটে সয়’
নাটকটি। রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুল
ইসলামের উপরে প্রদর্শনীও হয়েছে বলে
কলেজের অধ্যক্ষ মহানন্দা কাজীলাল জানান।